

স্বাক্ষর

তারিখ: 07 OCT 2017

পৃষ্ঠা: ১ কলাম: ২

মতলবের ১১৭ স্কুলে প্রধান শিক্ষক নেই

■ মতলব (চাঁদপুর) প্রতিনিধি

মতলব উত্তর ও মতলব দক্ষিণ উপজেলায় ১১৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয় কার্যক্রমে স্থবিরতা দেখা দিয়েছে। এ কারণে শিক্ষা কার্যক্রমও ব্যাহত হচ্ছে। মতলব উত্তর ও মতলব দক্ষিণ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, দুই উপজেলায় ২৯০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে মতলব দক্ষিণ উপজেলায় ১১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪১টিতে প্রধান শিক্ষক নেই। অন্যদিকে মতলব উত্তর উপজেলায় ১৮০টি বিদ্যালয়ের মধ্যে ৭৬টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই।

মতলব দক্ষিণ উপজেলার বকচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. শাহ আলম বলেন, তার বিদ্যালয়ে ৩ বছর প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। অন্য শিক্ষকদের ক্লাস থাকায় তারাও ব্যস্ত থাকেন। ফলে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ক্লাসগুলো ফাঁকা থেকে যায়। একই অবস্থা এ উপজেলার ৪১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের। মতলব উত্তর উপজেলার ঠেটালিয়া, সর্দারকান্দি, মহিশমারি, লুধুয়, দুর্গাপুর প্রভৃতি বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, প্রধান শিক্ষক না থাকায় এসব বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষককেই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করতে হচ্ছে। বিদ্যালয়ের দাপ্তরিক কাজে তাদের বাইরে থাকতে হয়। ফলে শ্রেণিকক্ষের পাঠদান বিয় হচ্ছে। ফরাজীকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল বাতেন জানান, দাপ্তরিক কাজে বিদ্যালয়ের বাইরে গেলেই তো আমার ক্লাসগুলোর পাঠদান বাহত হয়।

মতলব দক্ষিণ উপজেলার ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা জুলফিকার আলী জনি বলেন, নবজাতীয়করণ (রেজিস্টার্ড) শিক্ষকদের পদোন্নতির জন্য আদালতে প্রেডিয়েশন মামলার কারণে প্রধান শিক্ষকের পদগুলো শূন্য রয়েছে। এ জটিলতা কাটলেই সমস্যা থাকবে না।